

জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থাগুলোর সুবিধা অসুবিধা কেমন, এ নিয়ে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের উদ্যোগে একটি ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। গত বৃহস্পতিবার এই ওয়েবিনার অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ‘মূলসূত্রে ফেরা: প্যারাডিগ্ম্যাটিক আন্তর্জাতিক সংগঠনসমূহের সুবিধাসমূহ’ শীর্ষক এই ওয়েবিনারে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া বার্কলে ল স্কুলের অধ্যাপক ক্যাটেরিনা লিনোস। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক রিজওয়ানুল ইসলাম সূচনা বক্তব্য দেন ও ওয়েবিনার সঞ্চালনা করেন।

ওয়েবিনারে ক্যাটেরিনা লিমোস বলেন, জাতিসংঘ ও অনুরূপ সংস্থাগুলোয় উন্নয়নশীল দেশগুলো সংখ্যাগরিষ্ঠতাকে কাজে লাগায়। এই দেশগুলো সংস্থায় শক্তিশালী ভূমিকা রাখে। ফলে যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়নের সদস্য ও অস্ট্রেলিয়ার মতো শক্তিশালী দেশগুলো বিংশ শতাব্দীতে গঠিত প্রথাগত আন্তর্জাতিক সংস্থাগুলো যেভাবে কাজ করছে তাতে খুব একটা সন্তুষ্ট না। তাই পশ্চিমা দেশগুলো একধরনের সমান্তরাল ব্যবস্থা গড়ে তুলে, যেগুলো অনেকটা আন্তঃরাষ্ট্রীয় নেটওয়ার্কের মতো।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগের আন্তর্জাতিক ওয়েবিনার সিরিজের ৩৬তম ওয়েবিনার এটি। এই ওয়েবিনার সিরিজ ২০২১ সালের জানুয়ারি থেকে শুরু হয়েছে। অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া, কানাডা, জার্মানি, নিউজিল্যান্ড, মেদারল্যান্ডস, সুইজারল্যান্ড, হংকং, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের নিয়ে এই ওয়েবিনারের আয়োজন করা হয়।